

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

11 June 2013

Mr. Nazmul Hoque, Counsellor and Head of Chancery hosted farewell reception at the Embassy

The Counsellor and Head of Chancery Mr. Nazmul Hoque hosted a farewell reception at the Bangabandhu auditorium of the Embassy on June 08, 2013. About 200 guests including embassy officials, diplomats from foreign missions, media representatives, academics, cultural activists and members of Bangladesh community in Washington, DC attended the reception to say goodbye to Mr. Hoque and his wife Ms Rasheda Rawnak Khan. H.E. Mr. Aqramul Qader, Bangladesh Ambassador to the USA attended the event as chief guest.

In his remarks, Ambassador Qader thanked Mr. Hoque and his wife for their excellent service to the Embassy and the Bangladesh community in Washington, DC. He said that Mr. Hoque is a dedicated and talented young diplomat who has contributed immensely to the objectives of the Embassy, particularly in advancing Bangladesh-US relations, engaging with Diaspora, and promoting Bangladesh culture in the USA. He deeply appreciated Mrs Khan's active role in organizing and conducting various cultural events in collaboration with the Diaspora. He wished them all the best in their future endeavours.

Mr. Hoque reviewed his experience in the USA for last four years as professionally rewarding and engaging. He thanked his colleagues at the Embassy as well as US Government officials for their cooperation during his tenure at the Embassy. He deeply appreciated the members of Diaspora for their support in fulfilling his duties.

It may be mentioned here that Mr. Haque has been transferred to Bangladesh Embassy in Bangkok, Thailand.

Swapan Kumar Saha, Minister (Press), Embassy of Bangladesh, Washington DC 20008, Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail pressministerwash@yahoo.com

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

১১ জুন ২০১৩

বাংলাদেশ দূতাবাসের কাউন্সেলর ও হেড অফ চ্যাঙ্গেরী জনাব নাজমুল হকের বিদায় অনুষ্ঠান

০৮ জুন ২০১৩, বাংলাদেশ দূতাবাসের কাউন্সেলর ও হেড অফ চ্যাঙ্গেরী জনাব নাজমুল হক তাঁর বিদায় উপলক্ষ্যে দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে একটি অনুষ্ঠানের আয়োজন করেন। দূতাবাসের কর্মকর্তাগণ, ওয়াশিংটনস্থ বিভিন্ন দূতাবাসের কূটনীতিক, সাংবাদিক, শিক্ষাবিদ, সংস্কৃতিকর্মী এবং যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশীসহ প্রায় দুশতাধিক অভ্যাগত অনুষ্ঠানে উপস্থিত হয়ে জনাব হক ও তাঁর পত্নী রাশেদা রওনক খান -কে বিদায় জানান। মান্যবর রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

জনাব কাদের তাঁর বক্তব্যে বলেন, জনাব হক এবং তাঁর পত্নী মিসেস খান তাঁদের কর্মকালে দূতাবাস ও ওয়াশিংটনস্থ বাংলাদেশীদের প্রতি সেবা প্রদানের ক্ষেত্রে অসাধারণ অবদান রেখেছেন। রাষ্ট্রদূত কাদের বলেন, একজন মেধাবী ও নিবেদিতপ্রাণ তরুন কূটনীতিক হিসেবে জনাব হক দূতাবাসের বিভিন্ন কর্মকাণ্ডে, বিশেষ করে, বাংলাদেশ- যুক্তরাষ্ট্র দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়ন, যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশীদের কল্যাণ এবং যুক্তরাষ্ট্রে বাংলাদেশি সংস্কৃতির প্রসারে বিশেষ ভূমিকা পালন করেন। প্রবাসী বাংলাদেশীদের বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের জন্য তিনি মিসেস খানের প্রশংসা করেন। তিনি ভবিষ্যৎ কর্মজীবনে তাঁদের সর্বাঙ্গীণ সফলতা কামনা করেন।

জনাব হক মার্কিন যুক্তরাষ্ট্রে অতিবাহিত বিগত ৪ বছরকে তাঁর পেশাগত জীবনের এক গুরুত্বপূর্ণ অধ্যায় হিসেবে চিহ্নিত করে তাঁর কর্মকালীন সময়ে সকল সহযোগিতা প্রদানের জন্য দূতাবাসের সহকর্মী ও মার্কিন সরকারের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে ধন্যবাদ জানান। তাঁর দায়িত্বকালে সহযোগিতা প্রদানের জন্য তিনি যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশীদের প্রতি-ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

এখানে উল্লেখ্য যে, জনাব হককে থাইল্যান্ডের ব্যাংককস্থ বাংলাদেশ দূতাবাসে বদলি করা হয়েছে।

স্বপন কুমার সাহা, মিনিষ্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি, ফোনঃ ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্সঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০, ইমেইলঃ pressministerwash@yahoo.com